

ড. মনোজ দাসের স্মৃতি তর্পণ এনেছিলে সাথে করে মৃত্যুহীন প্রাণ

ব্যক্তিগত স্মৃতিচারণে ও ধর্মমত নির্বিশেষে সম্মিলিত মৌন প্রার্থনায় প্রয়াত ড. মনোজ দাসকে স্মরণ করলেন তাঁর বন্ধু, সহকর্মী, সহপাঠী ও গুণমুগ্ধ শুভানুধ্যায়ীগণ। গত ২১ মে, রোববার বিকেলে কোথাস্থ স্কুল অব আর্টস মিলনায়তনে স্বর্গত দাসের স্মরণে এ প্রার্থনা ও স্মরণ সভাটি অনুষ্ঠিত হয়। উল্লেখ্য ড. মনোজ দাস গত ১৩ মে কোলোন ক্যান্সারে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন।

বিনম্র শ্রদ্ধায় ড. দাসের জীবন, মেধা, কৃতিত্ব, ব্যক্তিত্ব ও গুণাবলীর ওপর আলোকপাত করেন তাঁর ঘনিষ্ঠ জনেরা ও অজ্ঞাতপূর্ব শুভার্থীরা। কমিউনিটির বহু বিশিষ্ট ব্যক্তিবর্গও এখানে উপস্থিত ছিলেন। বাংলাদেশে ড. দাসের শোকাকর্ষিত পরিবারের পক্ষ থেকে তাঁর বোন ডা. গৌরী দাসের একটি কৃতজ্ঞতাপূর্ণ বার্তাও এ সভায় অন্তর্ভুক্ত ছিল। এতে তিনি বলেন ‘বিপদে ও প্রয়োজনে যারা পাশে থাকেন তারাই প্রকৃত আত্মীয়। আমাদের ভাইয়ের জন্য যা আমরা করতে পারিনি আপনারা তাই করেছেন। এজন্য আমার পরিবারের পক্ষ থেকে আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করছি। আপনাদের সম্মিলিত প্রার্থনায় ঈশ্বর যেন আমার ভাইয়ের আত্মাকে শান্তি রাখেন।’

প্রতিভা ও যোগ্যতায় উচ্চাঙ্গীন অথচ আত্মপ্রচারবিমূখ, নিরভিমानी, নিরহংকারী ও অমায়িক এ গুণী মানুষটির অকাল প্রয়াণে বাকরুদ্ধ শোকের বাঁধ ভেঙে যায় অশ্রুসজল স্মৃতিচারণে। বুকের গভীরে সযত্নে আগলে রাখা বাল্যকাল থেকে ছাত্রজীবন এবং পেশাগত ও সামাজিক জীবনের মধুর স্মৃতিগুলো শোকের অশ্রুতে ভিজে মুক্তের মালা হয়ে বেরিয়ে আসে এঁদের কণ্ঠ বেয়ে। কৃতিত্বপূর্ণ ছাত্রজীবন, অর্জনসমৃদ্ধ কর্মজীবন, সাংস্কৃতিক ঐশ্বর্য ও উত্তম মানবিক গুণাবলীতে সমৃদ্ধ ব্যক্তি, পারিবারিক ও সামাজিক জীবনে তিনি নীরবে অথচ বলিষ্ঠ পদভারে যে দৃষ্টান্ত রেখে গেছেন, তার আলোকে পথ চলার প্রত্যয় ব্যক্ত করেন বক্তারা। আর এর মাঝেই তাঁর এই মৃত্যুহীন প্রাণ নীরবে শতপ্রাণে বিকশিত হবে।

সভাশেষের সম্মিলিত মৌন প্রার্থনায় ড. দাসের স্বর্গত আত্মার শান্তি এবং তাঁর শোকবিহ্বল পরিবারবর্গের কল্যাণ কামনা করা হয়।

- তুষার রায়